তারিখ 06.APR.2016
পৃষ্ঠা ৭ কলাম ৪

দৈনিক
ইত্তেফাক

# নাভারণ ফজিলাতুন্নেছা মহিলা কলেজ কেন্দ্র সচিবকে অব্যাহতি!

■ বেনাপোল (যশোর) সংবাদদাতা

শার্শা উপজেলায় এইচএসসি পরীক্ষার প্রথম দিনেই নাভারণ ফজিলাতুন্নেছা মহিলা কলেজ কেন্দ্রে পরীক্ষার্থীকে পরীক্ষা না দিতে দেয়ায় কেন্দ্র সচিবকে অব্যাহতি দিয়েছে বোর্ড কর্তৃপক্ষ।

নাভারণ কলেজের ছাত্র রনি হোসেনের রেজিস্ট্রেশন কার্ড না থাকায় কেন্দ্র সচিব কলেজের উপাধ্যক্ষ লায়লা আফরোজ বানু পরীক্ষা দিতে দেয়নি বলে লিখিত অভিযোগ দিয়েছে বোর্ডের চেয়ারম্যান বরাবর। ঘটনার সত্যতার প্রমাণ পেয়ে সোমবার সন্ধ্যায় উক্ত কেন্দ্র সচিবকে পদ থেকে অব্যাহতি দেয়া হয়েছে। মঙ্গলবার থেকে নতুন কেন্দ্র সচিবের দায়িত্ব পেয়েছেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজর একেএম নুরুজ্জামান। এ বিষয়ে নাভারণ ফজিলাতুন্নেছা মহিলা কলেজ কেন্দ্র সচিব লায়লা আফরোজ বানু (উপাধ্যক্ষ) বলেন, 'আমার বিরুদ্ধে যে সব অভিযোগ করা হয়েছে, তা মিথ্যা। অব্যাহতির বিষয়ে আমি সরকারিভাবে কোনো অফিস অর্ডার পাইনি।' শার্শা উপজেলা নির্বাহী কর্মকর্তা আব্দুস সালাম ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।